দৈনিক বাংলা

তারিখ 03 APR 1993
পৃষ্ঠা ৭ কলাম ৬

# প্রধানমন্ত্রী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সফরে যাচ্ছেন

সামসাদ মোনায়েম ঃ চট্টগ্রাম, ২ এপ্রিল।—প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া আগামী ৭ এপ্রিল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নবনির্মিত ইনস্টিটিউট অব ফরেস্ট্রি কমপ্লেক্স উদ্বোধন করবেন। এদিন দুপুরে তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের জন্য দ্বিতীয় হলের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় ইন-স্টিটিউট অব ফরেস্ট্রির ভৌত নির্মাণ কাজ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। এ প্রকল্পের মধ্যে দক্ষিণ ক্যাম্পাসের একটি গুরুত্বপূর্ণ সড়কও অন্তর্ভুক্ত রয়েছে। চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার আওতায় ইনস্টিটিউট অব ফরেস্ট্রির ১১৪০ লাখ টাকার উন্নয়ন প্রকল্প সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে।

প্রধানমন্ত্রী হিসাবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে খালেদা জিয়ার এটাই প্রথম সফর। প্রধান-মন্ত্রীর সফরকে সাফল্যমণ্ডিত করার জন্য ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। ছাত্র, শিক্ষক, কর্মচারীদের মধ্যে ইতিমধ্যে আলোড়ন সৃষ্টি হয়েছে। উল্লেখ্য, বেগম খালেদা জিয়া উদ্যোগী হয়ে চট্টগ্রাম

৭-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## প্রধানমন্ত্রী চট্টগ্রাম

(প্রথম পাতার পর)

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সমস্যা সমাধান করেছেন যা বিগত সরকারের আমলে পরিলক্ষিত হয়নি। চট্টগ্রাম ভার্সিটির প্রধান সমস্যা—পরিবহন সমস্যা উপলব্ধি করে প্রধানমন্ত্রীর উপহার হিসাবে ভার্সিটিকে দুটো আধুনিক কোচ প্রদান করা হয়েছে। ছাত্রীদের একটি নতুন হল নির্মাণের মধ্য দিয়ে প্রধানমন্ত্রী তাদের দাবী পূরণ করছেন। এছাড়া ভার্সিটির বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডে তিনি প্রত্যক্ষ ও পরোক্ষভাবে পৃষ্ঠপোষকতা করছেন।